




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলাপ্রশাসকের কার্যালয়  
রাঙ্গামাটি পার্বত্য জেলা  
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)  
(www.rangamati.gov.bd)

“বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক সময়ে কাপ্তাই লেকে কচুরীপানা দিয়ে “জাঁক” বা “কাঁটা” তৈরি করে মাছ ধরার তৎপরতা বেড়ে যাওয়ায় লেকের মৎস্য সম্পদ ও পরিবেশের ওপর ক্ষতিকর প্রভাব পড়ছে এবং নৌ চলাচলে ব্যাপক সমস্যা সৃষ্টি হচ্ছে। এসব জাঁকসমূহে আশ্রয় গ্রহণকারী ডিমওয়াল মাছসমূহ ব্যাপক নিধন হওয়ায় লেকের মৎস্য সম্পদ ঝুঁকির সম্মুখীন হয়ে পড়েছে। অন্যদিকে জেলার ০৫ (পাঁচ) টি উপজেলার সাথে জেলা সদরের নৌ যোগাযোগ ব্যাহত হচ্ছে। তদুপরি কাপ্তাই হ্রদের লিজ চুক্তির ৪ নং শর্তানুসারেও লেকে এ ধরনের “জাঁক” বা “কাঁটা স্থাপন” সম্পূর্ণ নিষিদ্ধ।

এমতাবস্থায়, কাপ্তাই হ্রদে মৎস্য সম্পদ, মাছের প্রজাতি ও জীব-বৈচিত্র্য সুরক্ষাপূর্বক জনস্বার্থ সমুন্নত রাখার উদ্দেশ্যে জেলার ০৫ (পাঁচ) টি উপজেলার নৌ যোগাযোগ স্বাভাবিক রাখার স্বার্থে কাপ্তাই লেকে কচুরীপানা দিয়ে অথবা যে কোন উপায়ে “জাঁক” বা “কাঁটা স্থাপন” সম্পূর্ণ নিষিদ্ধ করা হলো।

এ আদেশ অমান্যকারীর বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
০৩.০৬.২৪

(মোহাম্মদ মোশারফ হোসেন খান)  
জেলা ম্যাজিস্ট্রেট

ফোন: ০২৩৩৩৩৭১৬৩২, ফ্যাক্স: ০২৩৩৩৩৭১৬০৬  
e-mail: dcrangamati@mopa.gov.bd




স্মারক নম্বর: ০৫.৪২.৮৪০০.৪০২.১৮.০১৮.২৪-৩৩৮

তারিখ: ১৭ চৈত্র ১৪৩০  
৩১ মার্চ ২০২৪

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। রিজিয়ন কমান্ডার, ৩০৫ পদাতিক ব্রিগেড, রাঙ্গামাটি পার্বত্য জেলা
- ২। চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
- ৩। সেক্টর কমান্ডার, বর্ডার গার্ড বাংলাদেশ, রাঙ্গামাটি পার্বত্য জেলা
- ৪। পুলিশ সুপার, রাঙ্গামাটি পার্বত্য জেলা
- ৫। ব্যবস্থাপক, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, রাঙ্গামাটি পার্বত্য জেলা
- ৬। মেয়র, রাঙ্গামাটি পৌরসভা, রাঙ্গামাটি পার্বত্য জেলা
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, (সকল)..... উপজেলা, রাঙ্গামাটি পার্বত্য জেলা
- ৮। জেলা মৎস্য কর্মকর্তা, রাঙ্গামাটি পার্বত্য জেলা
- ৯। উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল)..... উপজেলা, রাঙ্গামাটি পার্বত্য জেলা

  
০৩.০৬.২৪

জেলা ম্যাজিস্ট্রেট  
রাঙ্গামাটি পার্বত্য জেলা  
